

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
তারাকান্দা, ময়মনসিংহ।

মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব নজরুল ইসলাম নয়ন, ভাইস চেয়ারম্যান, তারাকান্দা, ময়মনসিংহ।
সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিসকক্ষ।
সভার তারিখ : ২৫/০৩/২০২২ খ্রিঃ সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা মৎস্য অফিসার, তারাকান্দা ও মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক উপজেলা কমিটির সদস্য সচিবকে তারাকান্দা উপজেলার মৎস্য ও প্রাণীসম্পদ এর উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করার জন্য আহ্বান করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>সভাপতি সভায় জানান যে, গবাদি পশুর সেবাপ্রশাসা নিশ্চিত করতে হবে গরু মোটাতাজা করনের জন্য সর্ব প্রথম গরুর গুশ্রাসা নিশ্চিত করতে হবে গরুর ঘর পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে ও প্রয়োজনীয় বিশুদ্ধ পানি খাওয়াতে হবে এবং গোসল করাতে হবে। পুষ্টিকর খাবার তাজা ঘাস খাওয়াতে হবে যত্ন নিলে বিক্রির সময় ভাল দাম পাওয়া যাবে চাষীগণ লাভবান হতে পারবে এজন্য প্রয়োজনীয় সহযোগিতা আমাদের প্রদান করতে হবে।</p> <p>ক. উপজেলা মৎস্য অফিসার, তারাকান্দা সভায় জানান যে, মৎস্য খামার পরিদর্শন, চাষীদের পরামর্শ, প্রশিক্ষণ, হ্যাচারি ও খাদ্যের দোকান নিবন্ধন ও নবায়ন করা হচ্ছে। এছাড়াও তিনি আরও জানান যে, বর্তমান সময়ে মাছের ক্ষত রোগ হতে পারে বিধায় ক্ষতরোগ হওয়ার পূর্বে ঔষধ ব্যবহার জন্য তিনি পরামর্শ প্রদান করেন এবং মৎস্য চাষে পোলট্রি লিডার ব্যবহার না করার জন্য অনুরোধ জানান এবং পাশাপাশি পিরানহা এবং আফ্রিকান মাগুর মাছ যাতে কেউ চাষ করতে না পারে এ বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান পাবদা, গুলশা এবং শিং সহ অন্যান্য মাছ চাষের ক্ষেত্রে আপডেট টেকনোলজি গ্রহণের মাধ্যমে কম খরচে মাছ চাষ করার জন্য তিনি সকলকে আহ্বান জানান।</p>	<p>সভায় বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য গুরুত্ব আরোপ করা হয়।</p> <p>তারাকান্দা উপজেলায় সকল গবাদি চাষী যাতে ভালো লাভ করতে পারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তা নিশ্চিত করতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নজরুল ইসলাম নয়ন)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, তারাকান্দা।

তারিখঃ ২৫/০৩/২০২২ খ্রিঃ

স্মারক নং- উপ.মৎস্য.অ/তা.ম/উপজেলা কমিটি/২০২২-

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, তারাকান্দা, ময়মনসিংহ।



উপজেলা মৎস্য অফিসার
তারাকান্দা, ময়মনসিংহ।